

নির্ধাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল নীতিমালা

নাগরিক সেবার নাম	নির্ধাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল
সেবা প্রদানকারী অফিসের নাম	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	উপসচিব (সেল ও জামস)/ সহকারী /সিনিয়র সহকারী সচিব (সেল)।
সেবা প্রাপ্তির স্থান	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
প্রয়োজনীয় সময়	আবেদনপত্র বোর্ড অব ট্রাস্টির সভায় অনুমোদিত হওয়ার ১ (এক) মাসের মধ্যে। এ তহবিল হতে শুধুমাত্র নির্ধাতিত, অসহায় ও দুঃস্থ মহিলা ও শিশু আবেদনকারীর আবেদন বিবেচনা করা হয়ে থাকে। নিম্নোক্ত ভাবে এ তহবিল হতে সেবা প্রত্যাশীরা আবেদন দাখিল করতে পারেন:
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	(ক) অর্থ সাহায্যের জন্য আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণকে নির্ধারিত ফরমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আবেদন করতে হবে। সিটি কর্পোরেশন এবং পৌরসভার আওতাধীন আবেদনকারীকে আবেদনপত্র যথাক্রমে সংশ্লিষ্ট কর্পোরেশন অথবা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবের নিকট দাখিল করতে হবে। এছাড়া আবেদনকারী অথবা তাদের পক্ষে তাদের মনোনীত অভিভাবকগণ নির্ধারিত ফরমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে স্থাপিত কেন্দ্রীয় নারী ও শিশু নির্ধাতন প্রতিরোধ সেল, মহিলা বিষয়ক অধিদপ্তরে স্থাপিত নারী নির্ধাতন প্রতিরোধ সেল এবং বাংলাদেশ শিশু একাডেমীতে উক্ত তহবিল হতে অনুদানের অর্থ সাহায্যের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবেন। (খ) উপজেলা কমিটি/পৌরসভা কমিটি/সিটি কর্পোরেশন কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী নিস্পত্তি করবে এবং প্রয়োজনীয় সুপারিশসহ তহবিলের সদস্য-সচিব বরাবর মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নারী নির্ধাতন প্রতিরোধ সেল ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে মন্ত্রণালয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে।
সেবাপ্রাপ্তির শর্তাবলী	১) বাংলাদেশের নাগরিক হতে হবে। ২) শুধুমাত্র নির্ধাতিত অসহায়, দুঃস্থ মহিলা ও শিশু আবেদনকারী এ সেবা পেতে পারেন। ১) আবেদনপত্র। ২) ছবি ১ কপি। ৩) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
প্রয়োজনীয় কাগজপত্র (তালিকা)	৪) চিকিৎসার জন্য আবেদন করা হলে সে ব্যাপারে ডাক্তারের ব্যবস্থাপত্র প্রদান করতে হবে। ৫) আইনগত সাহায্যের জন্য আবেদন করা হলে সাহায্যের সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে।
সংশ্লিষ্ট আইন/নীতিমালা	নির্ধাতত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা। (সংশোধিত এবং ১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সহকারী সচিব (সেল শাখা) ফোন: +৮৮-০২-৯৫৪৫৯৯৬